

# দৈনিক ইন্ডেফাৰ্ক

প্রতিষ্ঠাতা অধ্যক্ষ লেফটেনেন্ট কর্নেল হুমায়ুন কবীর

আইটিতে কর্মমুখর প্রজন্ম গড়তে

হাসান হায়দার ১৯ ডিসেম্বর, ২০১৬ ইং ০০:০০ মিঃ



তথ্যপ্রযুক্তিতে বেশ দ্রুতই এগিয়ে যাচ্ছে দেশ। আর এগিয়ে নেওয়ার লক্ষ্যেই প্রতিনিয়ত নেওয়া হচ্ছে প্রশিক্ষণসহ নানা উদ্যোগ। বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত সেইপ প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট (এসইআইপি) প্রকল্পের আওতায় আইটি বিষয়ক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এক ফ্রি প্রশিক্ষণ পরিচালনা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী আইটি বিষয়ক ৩টি কোর্স ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট (ছয় মাস), প্রফেশনাল ফ্রিল্যান্সিং (৩ ও ৬ মাস) ও গ্রাফিক্স ডিজাইন (৩ ও ৬ মাস) বিষয়ে এই প্রশিক্ষণ প্রদান করা হবে। ঢাকা বিভাগে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং টেকনোলোজি (এনআইইটি)-তে চলবে এই প্রশিক্ষণ কার্যক্রম। এই প্রশিক্ষণ কার্যক্রমে যথাক্রমে এইচএসসি বা ডিপ্লোমা পাস ২০ থেকে ৪৫ বছর বয়সীরা ৩ মাসের ও ১৮ থেকে ৪৫ বছর বয়সীরা ৬ মাসের কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।

এসইআইপি প্রজেক্টের আওতায় সারাদেশে ৩ বছরে মোট ১০,২০০ জনকে বিভিন্ন ট্রেড কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়। রাজধানীর ৬৯/ই, গ্রিন রোড, পাছপথে অবস্থিত এনআইইটি ও এনএফটিতে এ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বিষয়ে বিস্তারিত জানতে ০১৬৭১৫৫৫৬১৯ নম্বরে যোগাযোগ করতে পারেন। এই প্রকল্পে ৩ মাস মেয়াদি আবাসিক প্রশিক্ষণে প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিক্স ডিজাইন; ৬ মাস মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণে ওয়েব সাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিক্স ডিজাইন কোর্সে প্রশিক্ষণ চলছে। তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উত্পাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এমএডব্লিউটিএস, ইউসিইপি বাংলাদেশ, টিএমএসএস, উদ্দীপন, বিআইআইটি ইঞ্জিনিয়ার্স লিমিটেড, অ্যাসোসিয়েশন অব গ্রাসরুটস

উইম্যান এন্টারপ্রেনারস বাংলাদেশ (এজিডব্লিউইবি), পিচ অ্যান্ড রাইটস্ ডেভেলপমেন্ট অব সোসাইটি (পিআরডিএস) কর্তৃক পরিচালনা করা হচ্ছে বিভিন্ন ট্রেড কোর্সে দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ। যেখানে প্রকল্পের শর্তানুযায়ী নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে সফল প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে কমপক্ষে ৭০ ভাগের কর্মসংস্থান নিশ্চিত করতে হবে। এখানে অন্যান্য সুবিধার মধ্যে রয়েছে প্রশিক্ষণ ব্যয় সম্পূর্ণ ফ্রি, আবাসন সুবিধা, জব সলিউশন, জব প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে চাকরি প্রাপ্তিতে সহায়তা করা, উদ্যোক্তাদের ঋণপ্রাপ্তিতে সহযোগিতা করা, সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের এককালীন বৃত্তি প্রদান করা।

---

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত